AMEND RTHD
14/10/2018

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৩২.০১১.০২৫.১৬(অংশ)-৬২৮ তারিখঃ ১৩-১১-২০১৮

বিষয়ঃ অনুমোদিত প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের লক্ষ্যে প্রকল্প পরিচালক নিয়োগ কমিটি'র সভার কার্যববরণী প্রেরণ।

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য অনুমোদিত ১২টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের লক্ষ্যে প্রকল্প পরিচালক নিয়োগ কমিটি'র সভা গত ০৬-১১-২০১৮ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

১৩/১১/১৮
(মোঃ সামীমুজ্জামান)
উপপ্রধান
ফোন-৯৫১৪২৬৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব, ইআরডি, শেরে বাংলা নগর, ঢাকা
৩। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৪। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫। অতিরিক্ত সচিব (বাজেট- ৫), অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৭। মহাপরিচালক, যোগাযোগ ও স্থানীয় সরকার সেক্টর, আইএমইডি, শেরে বাংলা নগর, ঢাকা
৮। যুগ্ম প্রধান (সড়ক পরিবহন উইং), ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা
৯। যুগ্ম প্রধান, পরিকল্পনা উইং, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬-৭। অফিস কপি/মাস্টার কপি

www.rthd.gov.bd || date: 2018-11-14

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
<u>কার্যক্রম ও এডিপি শাখা</u>

**বিষয়ঃ** সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতাভুক্ত ১২টি অনুমোদিত প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ সংক্রান্ত সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ নজরুল ইসলাম<br>সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ |
| তারিখ | : | ০৬ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ |
| সময় | : | বিকাল ০৩:০০ মিনিট |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

**২. উপস্থাপনাঃ**

২.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে উপপ্রধান (কার্যক্রম ও এডিপি) বলেন যে, উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য পরিকল্পনা বিভাগ কর্তৃক ০৯-০২-২০১৬ তারিখে পরিপত্র জারী করা হয়েছে। একই বিষয়ে আইএমইডি'র প্রতিবেদনের প্রেক্ষিতে প্রকল্প বাস্তবায়ন ত্বরান্বিত করার নিমিত্ত দক্ষ প্রকল্প পরিচালক নিয়োগের জন্য জাতীয় অর্থনৈতিক পরিষদের সভার সিদ্ধান্ত রয়েছে। উল্লেখিত সিদ্ধান্ত অনুসরণে প্রকল্প পরিচালক নিয়োগ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন/নির্দেশনাও তাঁর কার্যালয় থেকে সকল মন্ত্রণালয়/বিভাগকে পত্রের মাধ্যমে জানানো হয়েছে। তৎপ্রেক্ষিতে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের আওতায় গৃহীত উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ-কে সভাপতি করে জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, পরিকল্পনা কমিশনের সংশ্লিষ্ট বিভাগ, আইএমইডি ও সংশ্লিষ্ট সংস্থা প্রধান সমন্বয়ে একটি কমিটি গঠন করা হয়। সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় বাস্তবায়নের জন্য একনেক/যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক সম্প্রতি অনুমোদিত হয়েছে এবং প্রশাসনিক আদেশ জারি করা হয়েছে এমন ১১টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ এবং ১টি প্রকল্পের প্রকল্প পরিচালক পরিবর্তনের প্রস্তাবের প্রেক্ষিতে উক্ত কমিটি'র এ সভা আহ্বান করা হয়েছে। কমিটি'র গঠন কাঠামো ও কার্যপরিধি সকলকে পুন:অবহিত করা হয়।

**৩. আলোচনা :**

৩.১ সভায় সওজ অধিদপ্তরের প্রধান প্রকৌশলী কর্তৃক উল্লেখ করা হয় যে, সড়ক ও জনপথ অধিদপ্তরের যে জনবল রয়েছে তাতে সকল প্রকল্পে পূর্ণকালীন প্রকল্প পরিচালক নিয়োগ প্রদান করা অত্যন্ত দুরহ। প্রকল্পের ধরণ অনুযায়ী সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী বা অন্য কর্মকর্তা কর্তৃক প্রকল্প বাস্তবায়ন করাই সমীচীন হবে। এক জোনের কর্মকর্তা অন্য জোনের প্রকল্পের দায়িত্বে থাকলে বাস্তবায়ন/সুপারভিশন যথাযথ হবে না মর্মে অভিমত ব্যক্ত করা হয়। প্রকল্প পরিচালক নিয়োগ ব্যতীত প্রকল্প কাজের দরপত্র আহবান করা সম্ভব হচ্ছে না বিধায় বাস্তবায়ন বিলম্ব হচ্ছে। বাস্তবায়ন বিলম্ব হলে প্রকল্পের অনুকূলে প্রদত্ত বরাদ্দ ব্যয়সহ প্রকল্পের সামগ্রিক অগ্রগতি বাধাগ্রস্ত হবে। পরিকল্পনা বিভাগ থেকে প্রকল্প পরিচালক নিয়োগ বিষয়ে জারীকৃত পরিপত্রের আলোকে এবং বাস্তব অবস্থার নিরীখে কিভাবে প্রকল্প পরিচালক নিয়োগ করা যায় তা বিবেচনা করা প্রয়োজন এবং সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

৩.২ উপপ্রধান বলেন যে, প্রকল্প পরিচালক নিয়োগে পরিপত্র অনুসরণ করা প্রয়োজন। তবে প্রতিটি জোনে সওজ অধিদপ্তরের পর্যাপ্ত জনবল নেই। পরিপত্র প্রতিপালনের উদ্দেশ্যেই পরিচালক নিয়োগ কমিটি গঠণ করা হয়েছে। প্রস্তাবিত অধিকাংশ প্রকল্পের ব্যয় ১০০ কোটি টাকার উর্ধ্বে। প্রকল্প পরিচালক নিয়োগের জন্য প্রস্তাবিত সকল প্রকল্পের ক্ষেত্রেই ৩ জন করে কর্মকর্তার নাম প্রস্তাব করা হয়েছে এবং তাদের জীবন বৃত্তান্ত দাখিল করা হয়েছে।

www.rthd.gov.bd || date: 2018-11-14

৩.৩. সভায় ১২টি প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে বিশদ পর্যালোচনা করা হয়। বিবেচ্য প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে উপস্থিত সদস্যবর্গ একমত পোষণ করেন। প্রসঙ্গক্রমে সভায় উল্লেখ করা হয় যে, অতিরিক্ত দায়িত্বে নিয়োগপ্রাপ্ত কোন প্রকল্প পরিচালককে বদলী করা হলে অথবা অবসর গ্রহণ করলে সেক্ষেত্রে মূল পদে স্থলাভিষিক্ত কর্মকর্তাকে প্রকল্প পরিচালক হিসেবে সরাসরি দায়িত্ব প্রদান না করার জন্য বলা হয়। এ ধরনের পরিস্থিতিতে নতুন পদায়নকৃত কর্মকর্তার অনুকূলে প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করার জন্য মন্ত্রণালয় কর্তৃক পুনঃনিয়োগাদেশ জারী করা সমীচীন মর্মে সভায় মত প্রকাশ করা হয়। এক্ষেত্রে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রস্তাব প্রেরণ করা আবশ্যক হবে মর্মে অভিমত ব্যক্ত করা হয়।

৩.৪. সভায় উল্লেখ করা হয় যে, দেশের বিভিন্ন অঞ্চলে মহাসড়কের মান খারাপ দেখা যায়। প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে পূর্ব অভিজ্ঞতা, প্রস্তাবিত কর্মকর্তার তত্ত্বাবধানে নির্মিত সড়কের মান ইত্যাদি বিষয় বিবেচনা করা প্রয়োজন। এছাড়া, কারো বিরুদ্ধে অদক্ষতার সুনির্দিষ্ট/প্রমানিত কোন অভিযোগ থাকলে ভৌগলিকভাবে সুবিধাজনক কর্মস্থলে থাকলেও তাঁকে বিবেচনা না করাই শ্রেয়। এ বিষয়ে সভাপতি বলেন যে, এ বিভাগের আওতায় গঠিত মনিটরিং টীমসমূহ সারাদেশের সড়ক নির্মাণ/সংরক্ষণ বিষয়ক বিভিন্ন কার্যক্রম/প্রকল্প পরিদর্শন করে থাকেন এবং প্রতিবেদন দাখিল করেন। পরিদর্শনকালে কোন ত্রুটি/অদক্ষতা পরিলক্ষিত হলে বা সুনির্দিষ্ট কোন অভিযোগ পাওয়া গেলে তার প্রেক্ষিতে মন্ত্রণালয় কর্তৃক কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। এ বিভাগের আওতাধীন তথা সড়ক ও জনপথ অধিদপ্তরের কার্যক্রম ও জনবলের ধরণ ও সীমাবদ্ধতার কারণে পরিপত্র সম্পূর্নরূপে অনুসরণ করে প্রকল্প পরিচালক নিয়োগ করা অত্যন্ত দুরুহ। বাস্তব ও সঙ্গত কারণেই সকল প্রকল্পে পূর্নকালীন প্রকল্প পরিচালক নিয়োগ করা সম্ভব হয় না। ভৌগলিক বা কর্মস্থলজনিত অবস্থানের কারণে এবং প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে এক জোনের কর্মকর্তাকে অন্য জোনের প্রকল্পের দায়িত্ব প্রদান করা যায় না এবং একজন কর্মকর্তাকে ক্ষেত্র বিশেষে অনেকগুলো প্রকল্পের দায়িত্ব প্রদান করতে হয়। সভায় বলা হয় যে, একজন কর্মকর্তাকে বেশী সংখ্যক প্রকল্পের দায়িত্ব প্রদান করা হলে সে ক্ষেত্রে প্রকল্পের কার্যক্রম বাধাগ্রস্ত হবার সম্ভাবনা থাকে। এক্ষেত্রে ডিপিপি'তে প্রকল্প পরিচালক হিসেবে নির্দিষ্ট গ্রেড উল্লেখ থাকলেও প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে ভিন্ন গ্রেডের উপযুক্ত কর্মকর্তাকে প্রকল্প পরিচালক হিসেবে বিবেচনা করা যেতে পারে। তবে, পরবর্তিতে ডিপিপি সংশোধন করা হলে সেক্ষেত্রে এ বিষয়টি যথাযথভাবে প্রতিফলন করা আব্যশক হবে। সভায় এ বিষয়ে একমত পোষণ করা হয়। ডিপিপি প্রণয়নকালে প্রকল্প পরিচালকের ক্ষেত্রে সুনির্দিষ্ট কর্মকর্তার সংস্থান না রেখে (বিকল্পসহ) গ্রেড এর উল্লেখ থাকা যৌক্তিক মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

৩.৫. সভায় সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রতিনিধি উল্লেখ করেন যে, কুমিল্লা সড়ক জোনের আওতাধীন নোয়াখালী সড়ক বিভাগের **সোনাইমুড়ী-সেনবাগ-কল্যান্দী-চন্দ্রেরহাট-বসুরহাট সড়ক উন্নয়ন** শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে নোয়াখালী সড়ক সার্কেলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীকে এ বিভাগের ২৩০৯.২০১৮ তারিখের স্মারক নং- ৩৫.০০.০০০০.০৩২.১১.০২৭.১৭-৫২৪ মুলে নিয়োগ করা হয়। উল্লেখ্য, এ প্রকল্পটি গত ০৩.০৭.২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয় এবং ৩১.০৭.২০১৮ তারিখে প্রশাসনিক আদেশ জারী করা হয়। কুমিল্লা সড়ক জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী দরপত্র কার্যক্রম ত্বরান্বিত করার লক্ষ্যে প্রকল্প পরিচালক নিয়োগের পূর্বেই ১৭.০৯.২০১৮ তারিখে ২টি প্যাকেজের দরপত্র আহবান করেন, যা ১৭.১০.২০১৮ তারিখে উন্মুক্ত করা হয়। প্রশাসনিক আদেশ জারী করার পর প্রকল্প পরিচালক নিয়োগের প্রস্তাব প্রেরণ না করে দরপত্র আহবানের কারণে সৃষ্ট জটিলতায় সভায় অসন্তোষ প্রকাশ করে ভবিষ্যতে প্রকল্প পরিচালক নিয়োগের বিষয়ে আরো যত্নবান হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা দেয়া হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে ইতোপূর্বে প্রকল্প পরিচালক নিয়োগ কমিটির সুপারিশক্রমে জারীকৃত প্রজ্ঞাপনের ১নং ক্রমিকের প্রকল্প পরিচালকের নাম সংশোধন করে কুমিল্লা সড়ক জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলীর নাম অন্তর্ভূক্তিপূর্বক পুন: প্রজ্ঞাপন জারী করার বিষয়ে একমত পোষণ করা হয়।

**৪. সুপারিশ/সিদ্ধান্ত :** সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সুপারিশ/সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৪.১ প্রকল্পসমূহের ব্যয় ও প্রধান প্রধান কার্যক্রম; প্রস্তাবিত প্রকল্প পরিচালকের কর্মস্থল, কার্যপরিধি ও অভিজ্ঞতা ইত্যাদি বিবেচনায় প্রকল্প বাস্তবায়নের সুবিধার্থে সওজ অধিদপ্তরের নিম্নোক্ত প্রকল্পসমূহের পার্শ্বে উল্লেখিত কর্মকর্তাগণকে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্বে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগের সুপারিশ করা হল:

| ক্রঃ নং | প্রকল্পের নাম (মেয়াদকাল) | সুপারিশকৃত প্রকল্প পরিচালক |
|---|---|---|
| ০১ | জামালপুর-ধানুয়া-কামালপুর-রৌমারী-দাঁতভাঙ্গা জেলা মহাসড়ক প্রশস্তকরণ ও মজবুতীকরণ প্রকল্প (জেড-৪৬০৬) (কুড়িগ্রাম অংশ) (০১-০৭-২০১৮ হতে ৩১-১২-২০২০) | জনাব মোঃ মাহবুবুল আলম খান<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>রংপুর সড়ক সার্কেল |

www.rthd.gov.bd // date: 2018-11-14

| | | |
|---|---|---|
| ০২ | চট্টগ্রাম-রাঙ্গামাটি জাতীয় মহাসড়ক (এন-১০৬) হাটহাজারী হতে রাউজান ৪-লেনে উন্নীতকরণ<br>(০১-০৭-২০১৮হতে ৩০-০৬-২০২১) | জনাব আবু হেনা মোঃ তারেক ইকবাল<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>চট্টগ্রাম সড়ক সার্কেল |
| ০৩ | হাটহাজারী-ফটিকছড়ি-মানিকছড়ি-মাটিরাঙা-খাগড়াছড়ি সড়ক (আর-১৬০) উন্নয়ন (চট্টগ্রাম অংশ)<br>(০১-০৭-২০১৮ হতে ৩০-০৬-২০২১) | জনাব আবু হেনা মোঃ তারেক ইকবাল<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>চট্টগ্রাম সড়ক সার্কেল |
| ০৪ | ভূরুঙ্গামারী-সোনাহাট স্থল বন্দর-ভিতরবন্দ-নাগেশ্বরী মহাসড়কের দুধকুমর নদীর উপর সোনাহাট সেতু নির্মাণ<br>(০১-০৯-২০১৮ হতে ৩০-০৬-২০২০) | জনাব আমির হোসেন<br>নির্বাহী প্রকৌশলী<br>কুড়িগ্রাম সড়ক বিভাগ |
| ০৫ | গোবিন্দগঞ্জ-ঘোড়াঘাট-বিরামপুর-ফুলবাড়ী-দিনাজপুর (আর-৫৮৫) আঞ্চলিক মহাসড়ককে যথাযথ মানে উন্নীতকরণ<br>(০১-০৭-২০১৮ হতে ৩০-০৬-২০২১) | জনাব ফকির আবদুর রব<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী<br>রংপুর জোন |
| ০৬ | কক্সবাজার-টেকনাফ সড়ক (এন-১) উন্নয়ন<br>(০১-১০-২০১৮ হতে ৩০-০৬-২০২১) | জনাব শোয়েব আহমেদ<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ)<br>চট্টগ্রাম জোন |
| ০৭ | ফরিদপুর-ভাঙ্গা-বরিশাল-পটুয়াখালী-কুয়াকাটা জাতীয় মহাসড়ক চার-লেনে উন্নীতকরণের জন্য ভূমি অধিগ্রহণ<br>(০১-০৭-২০১৮ হতে ৩০-০৬-২০২০) | জনাব সুশীল কুমার সাহা<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ)<br>বরিশাল জোন |
| ০৮ | বৈরাগীরপুল (বরিশাল)-টুমচর-বাউফল (পটুয়াখালী) জেলা মহাসড়ক (জেড ৮৯১০) যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ<br>(০১-০৭-২০১৮ হতে ৩০-০৬-২০২১) | জনাব সুশীল কুমার সাহা<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী (চঃদাঃ)<br>বরিশাল জোন |
| ০৯ | ভূমি অধিগ্রহণ ও ইউটিলিটি স্থানান্তর প্রকল্প: সাপোর্ট টু ঢাকা (কাঁচপুর)-সিলেট-তামাবিল মহাসড়ক চার-লেনে উন্নীতকরণ এবং উভয় পার্শ্বে পৃথক সার্ভিস লেন নির্মাণ<br>(০১-০৯-২০১৮ হতে ৩১-১২-২০২০) | জনাব খন্দকার গোলাম মোস্তফা<br>অতিরিক্ত প্রধান প্রকৌশলী<br>সিলেট জোন |
| ১০ | কেরানীহাট-বান্দরবান জাতীয় মহাসড়ক (এন-১০৮) যথাযথ মান, প্রশস্ততা ও উচ্চতায় উন্নীতকরণ<br>(০১-০৭-২০১৮ হতে ৩০-০৬-২০২১) | জনাব মোঃ সজীব আহামেদ<br>নির্বাহী প্রকৌশলী<br>সড়ক বিভাগ, বান্দরবান |
| ১১ | রাজউক পূর্বাচল ৩০০ ফুট মহাসড়ক হতে মাদানী এভিনিউ-সিলেট মহাসড়ক পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ<br>(০১-০৭-২০১৮ হতে ৩০-০৬-২০২০) | জনাব মোঃ আমানউল্লাহ্<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>নারায়নগঞ্জ সড়ক সার্কেল |

৪.২ প্রকল্প পরিচালক নিয়োগ কমিটির সুপারিশক্রমে গত ২৩.০৯.২০১৮ তারিখে জারীকৃত ৩৫.০০.০০০০.০৩২.১১.০২৭.১৭-৫২৪ নং প্রজ্ঞাপনের ১নং ক্রমিকে **সোনাইমুড়ী-সেনবাগ-কল্যান্দী-চন্দ্রেরহাট-বসুরহাট সড়ক উন্নয়ন** শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালকের নাম ও পদবী সংশোধন করে কুমিল্লা সড়ক জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী জনাব এ.কে.এম মনির হোসেন পাঠানকে অন্তর্ভূক্ত করে পুন: প্রজ্ঞাপন জারী করা হবে।

৪.৩ প্রকল্পের ডিপিপি প্রণয়নকালে প্রকল্প ব্যবস্থাপনা সেটআপসহ অন্যান্য সংশ্লিষ্ট অনুচ্ছেদ বা ছকে প্রকল্প পরিচালক হিসেবে কোন সুনির্দিষ্ট পদ/কর্মকর্তাকে প্রস্তাব করা যাবে না। এ ক্ষেত্রে একাধিক বিকল্পসহ প্রকল্প পরিচালকের গ্রেড উল্লেখ করতে হবে।

৪.৪ একজন কর্মকর্তাকে বেশী সংখ্যক প্রকল্পের দায়িত্ব প্রদান করা হলে সে ক্ষেত্রে প্রকল্পের কার্যক্রম বাধাগ্রস্ত হবার সম্ভাবনা থাকে বিধায় ডিপিপি'তে প্রকল্প পরিচালক হিসেবে নির্দিষ্ট গ্রেড উল্লেখ থাকলেও কতিপয় প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে ভিন্ন গ্রেডের কর্মকর্তাকে প্রকল্প পরিচালক হিসেবে বিবেচনা করা হলো। তবে পরবর্তিতে প্রকল্প সংশোধনকালে বিষয়টি যথাযথভাবে প্রতিফলন করতে হবে।

www.rthd.gov.bd || date: 2018-11-14

৪.৫ অন্য সকল অনুমোদিত প্রকল্পসমূহের প্রকল্প পরিচালক নিয়োগের জন্য যথাযথ ও প্রয়োজনীয় তথ্যাদিসহ দ্রুত প্রস্তাব প্রেরণ করতে হবে।

৪.৬ অতিরিক্ত দায়িত্বে নিয়োগপ্রাপ্ত কোন প্রকল্প পরিচালককে বদলী করা হলে অথবা অবসর গ্রহণ করলে সেক্ষেত্রে মূল পদে নতুন পদায়নকৃত কর্মকর্তার অনুকূলে প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করার জন্য মন্ত্রণালয় কর্তৃক পুনঃনিয়োগাদেশ জারির লক্ষ্যে বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রস্তাব প্রেরণ করতে হবে।

৫. অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

www.rthd.gov.bd || date: 2018-11-14